দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL. 3 1999
পৃঃ ৫ কলাম ৫

35

## হামদর্দ ও ইউনানী চিকিৎসা বিজ্ঞান শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত

হামদর্দ ও ইউনানী চিকিৎসা বিজ্ঞান শীর্ষক হামদর্দ ফাউণ্ডেশন বাংলাদেশের মাসিক আলোচনা অনুষ্ঠান 'হামদর্দ সন্ধ্যা' গত ৩০শে জুন হামদর্দ ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ধর্মবিষয়ক প্রতিমন্ত্রী মাওলানা মোঃ নূরুল ইসলাম। হামদর্দ বোর্ড অব ট্রাষ্টিজ বাংলাদেশ এর চেয়ারম্যান ব্যারিষ্টার শওকত আলী খানের সভাপতিত্বে অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ধর্মসচিব মোঃ মোরশেদ হোসেন, ওয়াকফ প্রশাসক মোঃ আজহারুল ইসলাম। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন হামদর্দ ল্যাবরেটরীজ (ওয়াকফ) বাংলাদেশ-এর ব্যবস্থাপনা পরিচালক হাকীম মোঃ ইউছুফ হারুন ভুঁইয়া, মূল প্রবন্ধ উপস্থাপন করেন হাকীম মোঃ সা'দুল হক। আলোচনায় অংশগ্রহণ করেন অধ্যাপক ডঃ আব্দুল গনি, অধ্যাপক ডঃ চৌধুরী মাহমুদ হাসান এবং হাকীম এম এ করীম সিদ্দিকী।

প্রেস বিজ্ঞপ্তি